# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১- ৬১২৬ তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রি.

**বিষয়: বাংলাদেশ GAP স্কিমওনার ও বিএসিবি এর মধ্যে Agreement প্রণয়ন বিষয়ক ১ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বিএআরসি'র পত্র নং- ১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-৯২২; তারিখ: ২২/০৪/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে GAP বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)-বাংলাদেশ GAP এর Scheme Owner (SO) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)- Bangladesh Agricultural Certification Body (BACB) এর মধ্যে Operational Agreement for Bangladesh GAP Certification স্বাক্ষরের বাধ্যবাধকতা রয়েছে। Agreement প্রণয়নের লক্ষ্যে গঠিত কারিগরি কমিটির ১ম সভা গত ৮ মে ২০২৫ খ্রি. তারিখে বিকাল ০৩:০০ ঘটিকায় বিএআরসি'র সভা কক্ষ-২ এ অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১৮/০৫/২০২৫
(ড. মোঃ আবদুছ ছালাম)
সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক
Certification Agreement প্রণয়ন কমিটি, বিএআরসি

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। জনাব এস এম সোহরাব উদ্দিন পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
২। প্রফেসর সৈয়দ মিজানুর রহমান, অর্থনীতি বিভাগ, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়, আশুলিয়া, ঢাকা ও সভাপতি, কনজ্যুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ।
৩। অধ্যাপক আবু নোমান ফারুক আহমেদ, উদ্ভিদরোগতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। জনাব নজির আহম্মদ মিয়া, উপপরিচালক (এমএসসি), বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫। জনাব মোহাম্মদ সফিউজ্জামান, সিনিয়র ইন্সট্রাকটর, এটিআই, ঢাকা ও আহবায়ক, GAP ইউনিট, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৬। ড. মাহবুবা মুনমুন, ডিপিডি, PARTNER প্রকল্প ও টিম লিডার, DLI-1 ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৭। ড. যাকীয়াহ্ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি।
৮। ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

**অনুলিপি:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। রেজিস্ট্রার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। রেজিস্ট্রার, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়, আশুলিয়া, ঢাকা।
৫। পরিচালক (পুষ্টি), বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
৬। অধ্যক্ষ, এটিআই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৭। এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর, PARTNER প্রোগ্রাম, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
৮। পরিচালক (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
১০। সদস্য পরিচালক (শস্য) এর ব্যক্তিগত সহকারী, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।


ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২; ফ্যাক্স: + ৮৮-০২-২২২২৪২৬৪৭
ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

**নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**

**বাংলাদেশ GAP স্কিমওনার ও বিএসিবি এর মধ্যে Certification Agreement প্রণয়ন বিষয়ক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি। |
| তারিখ ও সময় | : | ৮ মে ২০২৫ খ্রি.; সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ-২, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| কর্মশালার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

বাংলাদেশ GAP স্কিমওনার ও বিএসিবি এর মধ্যে Certification Agreement প্রণয়ন বিষয়ক এক সভা গত ৮ মে ২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকায় বিএআরসি সভাকক্ষ-২, বিএআরসি, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহ্বায়ক, GAP ইউনিট, বিএআরসি। সভার শুরুতে সভাপতির বক্তব্যে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে বাংলাদেশ GAP স্কিমওনার ও বিএসিবি এর মধ্যে Certification Agreement প্রণয়নের প্রয়োজনীয়তা ও গুরুত্ব তুলে ধরে তিনি বলেন যে, GAP Certification প্রক্রিয়া আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী পরিচালনা করার লক্ষ্যে স্কিমওনার ও বিএসিবি এর মধ্যে Certification Agreement করা জরুরী যা প্রণয়নের প্রয়োজনীয় তথ্যাদি নিয়ে আজকের সভায় আলোচিত হবে।

২.০। অতঃপর তিনি সভার সূচি অনুযায়ী ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER প্রোগ্রাম, এপিসিইউ-বিএআরসিকে Certification Agreement বিষয়ক আলোচনা শুরুর অনুরোধ করেন। ড. মিয়া সাঈদ হাসান খসড়া Certification Agreement প্রথম সভায় আলোচনার জন্য উপস্থাপন করেন।

৩। জনাব মোহাম্মদ সফিউজ্জামান, সিনিয়র ইন্সট্রাকটর, এটিআই, ঢাকা ও আহবায়ক, GAP ইউনিট, ডিএই, খামারবাড়ি, ঢাকা এবং ড. মাহবুবা মুনমুন, ডিপিডি, PARTNER প্রোগ্রাম ও টিম লিডার, DLI-1 ডিএই, খামারবাড়ি, ঢাকা চুক্তির নামকরণ "Certification Agreement" নিয়ে দ্বিমত পোষণ করেন এবং Agreement for the Operation of Bangladesh GAP Certification হিসেবে প্রস্তাব করেন। এ ক্ষেত্রে অধ্যাপক আবু নোমান ফারুক আহমেদ, উদ্ভিদরোগতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা Quality Council of India এর Certification Agreement নিয়ে আলোচনা করেন। এছাড়া, খসড়া Agreement এর অন্যান্য ধারা-উপধারা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ধারা-উপধারা সংশোধন করে সংক্ষিপ্ত আকারে Agreementটি প্রণয়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

Salam

৪) অধ্যাপক ড. সৈয়দ মিজানুর রহমান, সভাপতি CAB ও স্টিয়ারিং কমিটির সদস্য, বলেন যে, GAP কার্যক্রমের দ্রুত বাস্তবায়ন অত্যন্ত জরুরি। তিনি উল্লেখ করেন যে, Agreement-এ যে শর্তসমূহ নির্ধারিত করা হবে, সেগুলো সহজে বাস্তবায়নযোগ্য হওয়া উচিত এবং মাঠ পর্যায়ে দ্রুত প্রয়োগ নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, অর্থনীতির ভিত, স্বাস্থ্য সুরক্ষা এবং কৃষির বাণিজ্যিকীকরণ, এ সকল ক্ষেত্রেই নিরাপদতা বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে কৃষি খাতে নিরাপদ উৎপাদন ও বিপণন নিশ্চিত করতে GAP কার্যক্রমের দ্রুত বাস্তবায়ন অপরিহার্য।

অতঃপর সভার অংশগ্রহণকারীগণের মধ্যে উন্মুক্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১) ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER প্রোগ্রাম, এপিসিইউ-বিএআরসি Agreement টি অদ্যকার সভার আলোচনার প্রেক্ষিতে সংশোধন করবেন।

২) Agreement এর Preamble এ স্কিমওনার ও বিএসিবি এর Role ও Responsibility থাকতে হবে।

৩) BDS 2025:2023 কে Agreement এর Scope এ অন্তর্ভুক্ত করতে হবে।

৪) প্রণয়নকৃত খসড়া Agreement টি জনাব মোহাম্মদ সফিউজ্জামান, আহবায়ক GAP ইউনিট, ডিএই ও অধ্যাপক আবু নোমান ফারুক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক রিভিউ করার জন্য প্রেরণ।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Salam 29/05/2025

ড. মোঃ আবদুছ ছালাম
সদস্য পরিচালক (শস্য) ও
আহবায়ক GAP ইউনিট, বিএআরসি